

নগর উন্নয়ন অধিদপ্তর এর সাথে খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন এর মধ্যে সমঝোতা
স্মারক সম্পাদন বিষয়ে

১. সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্দেশ্য:

নগর উন্নয়ন অধিদপ্তর দেশের সুসম ও পরিকল্পিত উন্নয়নের লক্ষে নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করে থাকে। নগর উন্নয়ন অধিদপ্তর উক্ত বিষয়ের উপর তাত্ত্বিক জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করে। অন্যদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন বাংলাদেশের পথিকৃত হিসেবে সর্বপ্রথম এর ছাত্র-ছাত্রীদের পরিকল্পনা বিষয়ে স্নাতক পর্যায়ে ডিগ্রি দিয়ে আসছে এবং একই সাথে স্নাতকোত্তর এবং উচ্চতর ডিগ্রি প্রদান করে থাকে। এমতাবস্থায়, তাত্ত্বিক এবং ব্যবহারিক এর মধ্যে সমন্বয় সাধন ও পারস্পরিক তথ্য/উপাত্তের সহজগম্যতা প্রতিষ্ঠা করা প্রয়োজন।

এ লক্ষ্যে নগর ও অঞ্চলের জনগোষ্ঠীর সুসম উন্নয়ন সাধনে; উন্নয়ন পরিকল্পনায় জনগণের সমস্যাসমূহকে প্রাধান্য দিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন ও নগর উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে কাজ করাই এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য।

২. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশল :

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন সেক্টরাল কার্যক্রম সম্পাদনে উভয় পক্ষের আলোচনার ভিত্তিতে যৌথভাবে ভূমিকা রাখা।

৩. সমঝোতা স্মারকের মেয়াদকাল :

এই সমঝোতা স্মারকের মেয়াদ হবে ০১লা জুলাই, ২০১৮ থেকে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত। তবে পারস্পরিক আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে উক্ত সময় বাড়ানো বা কমানো বা চলমান রাখা অথবা বন্ধ করা যাবে। তবে বন্ধ করার ক্ষেত্রে তিনমাস পূর্বে লিখিত নোটিসের মাধ্যমে পরস্পরকে জ্ঞাত করতে হবে।

৪. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্বসমূহ :

ক) ভূমি ও পরিবেশের যথাযথ মিথক্রিয়া সাধনের লক্ষে দুর্যোগ, জলবায়ু পরিবর্তনসহ SDG, Sendai Frame Work, Habitat-III তথা বিভিন্ন ইস্যু ভিত্তিক বিষয়সমূহ অন্তর্ভুক্তির মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনার কার্যক্রম গ্রহণ করবে এবং বাস্তব জ্ঞান সংশ্লিষ্ট Sectoral Agency কে চাহিদার ভিত্তিতে সরবরাহ করবে।

খ) নগর উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনাসহ এর ফলাফল উন্নয়ন পরিকল্পনায় প্রয়োগের মাধ্যমে নতুন নতুন কলাকৌশল উদ্ভাবনে কাজ করবে।

গ) Stakeholder গণের সমন্বয়ে বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কসপের আয়োজন করবে।

ঘ) নগরায়ন ও মানব বসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয়ে প্রকাশনা প্রকাশ করবে।

৫. খুলনা বিশ্ববিদ্যালয়, নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের দায়িত্বসমূহ :

ক) পারস্পরিক আলোচনার ভিত্তিতে যৌথভাবে গবেষণা কার্যক্রম সম্পন্ন এবং প্রচারে সহায়তা করা।

খ) বিভিন্ন প্রকার কার্যক্রম যেমন সেমিনার, ওয়ার্কসপ ইত্যাদি কার্যক্রম আয়োজনে সহযোগিতা করবে।

গ) পরিকল্পনা পদ্ধতি উন্নয়নে নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে আলোচনার মাধ্যমে একসাথে কাজ করবে।

ঘ) নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের পাঠ্যসূচিতে প্রায়োগিক বিষয়সমূহ (যতটা সম্ভব) অন্তর্ভুক্ত করণের ব্যবস্থা গ্রহণ করবে।

৬. যে সকল বিষয়ে অন্তর্ভুক্ত হয়নি তা পারস্পরিক আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে।

স্বাক্ষর




প্রফেসর সাধন রতন ঘোষ

ট্রেজারার

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্বাক্ষর




ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক 10.04.2018


পরিচালক

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

সাক্ষী



সাক্ষী



আহমেদ আজহারুজ্জামান